

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৮/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ আঃ করিম

পিতা-মৃত আবুল হোসেন লালু হাজী
নিউ টাউন তারাপাশা
কিশোরগঞ্জ।

প্রতিপক্ষ : জনাব মোঃ সাইফ উদ্দিন সবুজ

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সোনালী ব্যাংক লিঃ
কিশোরগঞ্জ শাখা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১১-০২-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আঃ করিম ২৭-০৪-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ সাইফ উদ্দিন সবুজ, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, কিশোরগঞ্জ শাখা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

❖ P অর্ডার নং ৬৪৭৬৯৯৬ তাং-৩১-০৮-২০১৪ ইং টাকার পরিমাণ ৩৪৯৫০.০০ টাকা হিসাব নং ২০০০০১৩২৪ ইং ০১-০৯-২০১৪ তারিখে জমা দেওয়া হইয়াছে উক্ত হিসাব নং কাহার তাহার নাম ও ঠিকানা জানা প্রয়োজন। চালানের মূল কপি গ্রাহক প্রাপ্ত হয় ইং ০১-০৯-২০১৪ তারিখে ক্রমিক নং ১ পে-অর্ডার নং ৬৪৭৬৯৯৪ তাং ৩১-০৮-২০১৪ টাকার পরিমাণ ৩৪৮৫০ চালানের কোড নং-১-১১০১-০০২০-১৩১১ তাং-০১-০৯-২০১৪ এবং ক্রমিক নং ২-পে অর্ডার নং ৬৪৭৬৯৯৫ তাং- ৩১-০৮-২০১৪ ইং টাকার পরিমাণ ২৩৬০০.০০ টাকা ১-২১৬১-০০০১-১৮২৬ ০১-০৯-২০১৪ উক্ত চালানের মূল কপি গ্রাহক প্রাপ্ত হইয়াছে উক্ত গ্রাহকের নাম ঠিকানা কি?

নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৪-০৬-২০১৫ তারিখে সোনালী ব্যাংক প্রিন্সিপাল অফিস, খরমপট্টি, কিশোরগঞ্জ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন।

পরবর্তিতে ০৩-০৯-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ সাইফ উদ্দিন সবুজ, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, কিশোরগঞ্জ শাখা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

❖ সোনালী ব্যাংক লিমিটেড কিশোরগঞ্জ নং-কিশ/বিলশ/২০৭ তারিখ ০৫-০৩-২০১৫ মোঃ আঃ করিম একটি ৩৪৮৫০ টাকা, বকেয়া ০২-টি ২৩৬০০ ও ৩৪৯৫০ টাকা মোট তিনটি পেমেন্ট অর্ডারের অর্থ চালানের মাধ্যমে ০১-০৯-২০১৪ ইং তারিখ রেজিঃ অফিস সরকারী খাতে জমা করা হইয়াছে। সোনালী ব্যাংক লিমিটেড, সোনা/কিশ/বিবিধ/২৯১ তারিখ ০৭-০৪-২০১৫ ইং ক্রমিক নং এক ও দুই চালানের হিসাব রক্ষণ অফিসে প্রেরণ করা হয়েছে। ক্রমিক নং তিন- জমা হিসাব কোড নং ব্যতীত রক্ষণ ওয়ালার নাম কি? বার বার তথ্য চাওয়ার পরও দিচ্ছেন না কেন? একবার তিনটা রেজিস্ট্রি অফিসে চালানে আর একবার দুইটা চালানে রক্ষণ অফিসে, ১ টা জমা ০১-০৯-২০১৪ ইং তারিখে। ক্রমিক নং তিন, ৩৪৯৫০ টাকা ব্যাংক হইতে কে তুলিয়া নিল। তাহার নাম কি?

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৫-১০-২০১৫ তারিখে সোনালী ব্যাংক প্রিন্সিপাল অফিস, প্রধান কার্যালয় বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ৩১-১২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৮-০১-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১১-০২-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অ: পৃ: দ্র:)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আঃ করিম হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ সাইফ উদ্দিন সবুজ, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, কিশোরগঞ্জ শাখা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৫। প্রতিপক্ষ এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, কিশোরগঞ্জ শাখা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদন পাবার পর ০৩ টি পে অর্ডার এর নাম, ঠিকানা পাঠিয়ে দিয়েছেন। পরবর্তীতে আবার আবেদন করলে ০৩ টি পে অর্ডারের নাম, ঠিকানা জানিয়ে দেন। ০১-০৯-২০১৪ তারিখে জমি রেজিস্ট্রি হওয়ার পর অভিযোগকারীকে রেজিস্ট্রি এডিয়োগে তথ্য সরবরাহ করা হয়েছে।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

যেহেতু, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, কিশোরগঞ্জ শাখা অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার